



রোহিঙ্গাদের জন্য ১.৪ কোটি সহায়তা অনুমোদন ইইউ'র



ছবি: সংগৃহীত

রোহিঙ্গা শরণার্থীদের সহায়তা ও সুরক্ষা কার্যক্রম চালিয়ে যেতে বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) অতিরিক্ত ১.৪ কোটি ইউরো অনুদান দেওয়ার ঘোষণা দিয়েছে। একই সঙ্গে কক্সবাজারে আশ্রয় নেওয়া প্রায় ১২ লাখ রোহিঙ্গা এবং স্থানীয় জনগোষ্ঠীর সহায়তায় ইউএনএইচসিআর-এর সঙ্গে অংশীদারিত্ব নবায়ন করা হয়েছে।

বৃহস্পতিবার (১৮ জুন) এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় সংস্থাটি। এতে বলা হয়, নতুন এই অর্থায়নের ফলে রোহিঙ্গা শরণার্থী ছাড়াও স্থানীয় প্রায় ৭০ হাজার মানুষও উপকৃত হবেন। সংস্থাটির পক্ষ থেকে জানানো হয়েছে, চলমান সংকট মোকাবিলায় এবার শুধু জরুরি সহায়তা নয়, শিক্ষা, দক্ষতা উন্নয়ন এবং আত্মনির্ভরশীলতা তৈরির উদ্যোগেও গুরুত্ব দেওয়া হচ্ছে। পাশাপাশি ক্যাম্প এলাকায় পরিবেশ সুরক্ষা এবং নিরাপদ জ্বালানি ব্যবহারের অংশ হিসেবে এলপিগ্যাস সরবরাহ বাড়ানো হবে, যাতে নারী ও শিশুদের ঝুঁকি কমে এবং বন উজাড় হ্রাস পায়।

বাংলাদেশে ইইউ রাষ্ট্রদূত মাইকেল মিলার বলেন, এই সংকট দীর্ঘমেয়াদি হওয়ায় শুধু মানবিক সহায়তা নয়, টেকসই সমাধান ও জীবিকা উন্নয়নের দিকেও নজর দেওয়া প্রয়োজন। তিনি রোহিঙ্গাদের দক্ষতা উন্নয়ন ও ভবিষ্যতে নিরাপদ প্রত্যাবাসনের সুযোগ তৈরির ওপর গুরুত্ব দেন।

ইউএনএইচসিআর-এর প্রতিনিধি ইভো ফ্রেইসেন বলেন, দীর্ঘদিন ধরে চলমান এই সংকটে ইইউ-এর ধারাবাহিক সহায়তা শরণার্থীদের মৌলিক চাহিদা পূরণ ও নিরাপদ ভবিষ্যতের আশা ধরে রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

উল্লেখ্য, ২০২৫-২৬ সালের যৌথ সাড়াদান পরিকল্পনা অনুযায়ী রোহিঙ্গা সংকট মোকাবিলায় চলতি বছরে প্রায় ৭১ কোটি মার্কিন ডলার প্রয়োজন। এ লক্ষ্য পূরণে আন্তর্জাতিক সহায়তা অব্যাহত রাখার আহ্বান জানিয়েছে সংশ্লিষ্ট সংস্থাগুলো।